# মাইলস্টোন ইস্যুতে জনগণকে ধৈর্য ধরার আহ্বান নাহিদ ইসলামের, সরকারের নিষ্ক্রিয়তা নিয়ে প্রশ্ন



সংগৃহীত ছবি

মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান দুর্ঘটনা এবং শিক্ষার্থীদের ছয় দফা দাবির পরিপ্রেক্ষিতে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম সবাইকে ধৈর্য ধরার আহ্বান জানিয়েছেন। তিনি সরকারের সময়মতো দায়িত্ব পালন না করায় পরিস্থিতি জটিল হয়েছে বলে মন্তব্য করেন। পাশাপাশি নিরপেক্ষ তদন্ত কমিটি গঠনের দাবি জানান তিনি।

মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে সাম্প্রতিক বিমান দুর্ঘটনা এবং শিক্ষার্থীদের ছয় দফা দাবির সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম।

মঙ্গলবার (২২ জুলাই) সন্ধ্যায় রাজধানীর বাংলামোটরের অস্থায়ী কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, "সরকার যদি সময়মতো দায়িত্বশীল আচরণ করতো, তাহলে আজকের পরিস্থিতির সৃষ্টি হতো না। শিক্ষার্থীদের দাবিগুলো ন্যায্য এবং তা দ্রুত বাস্তবায়ন প্রয়োজন।"

তিনি আরও বলেন, "এখন এমন এক পরিস্থিতি সৃষ্টি হয়েছে যেখানে কেউ কেউ সুযোগ নিতে পারে। তাই সবাইকে সচেতন থাকতে হবে।"

নাহিদ ইসলাম দাবি করেন, বিমান দুর্ঘটনায় নিহতদের মরদেহ গুম হওয়া সংক্রান্ত বিষয়ে সরকারের পক্ষ থেকে কোনো স্পষ্ট বক্তব্য আসেনি, যা হতাশাজনক।

এ সময় তিনি একটি স্বচ্ছ ও নিরপেক্ষ তদন্ত কমিটি গঠনের আহ্বান জানিয়ে বলেন, "এই কমিটিতে শুধুমাত্র সরকারি প্রতিনিধিরা থাকলেই চলবে না, স্কুল কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট নাগরিক প্রতিনিধিদেরও অন্তর্ভুক্ত করতে হবে।"

LENS ASIA